# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৬. ৬. ইহুদিরা যীশুকে জেরা করলেন রাতে না সকালে?

মথির ২৬ ও ২৭ অধ্যায়, মার্কের ১৪ ও ১৫ অধ্যায় এবং যোহনের ১৮ অধ্যায় পাঠ করলে পাঠক দেখবেন যে, যীশুকে রাত্রিতে গ্রেফতার করা হয় এবং রাত্রিতেই ইহুদি মহাযাজক ও প্রধানরা তাঁর বিচার করেন এবং ভোরে তাঁকে রোমান শাসকের কাছে পাঠিয়ে দেন। (বিশেষত মথি ২৬/৩১-৭৫ ও ২৭/১ এবং মার্ক ১৪/৩০-৭১ ও ১৫/১; যোহন ১৮/২৮)। এর বিপরীতে লূক দাবি করেছেন যে, ইহুদি নেতারা যীশুর বিচার করেন সকাল বেলায়। রাত্রিতে যীশুর গ্রেফতারের ঘটনা বর্ণনার পর তিনি বলেন: ‘‘যখন দিন হল, তখন লোকদের প্রাচীনদের সমাজ, প্রধান ইমামেরা (এবং) আলেমরা একত্র হল এবং তাদের মাহ্ফিলের মধ্যে তাঁকে আনালো, আর বললো, তুমি যদি সেই মসীহ্ হও, তবে আমাদেরকে বল।’’ (লূক ২২/৬৬, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14043

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন